

প্রেস রিলিজ


ঢাকা, ১৪ আগস্ট, ২০২২

১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের উদ্যোগ গ্রহণ করেছে সমাজসেবা অধিদপ্তর। এ উপলক্ষ্যে আগামীকাল সকাল ৯.০০ টায় আগারগাঁওস্থ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে এক দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

০২. জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত এ দোয়া মাহফিল ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম। এতে সভাপতিত্ব করবেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক ড. আবু সালেহ মোস্তফা কামাল।

০৩. সকাল ৯:০০ টায় সমাজসেবা অধিদপ্তরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্যদিয়ে জাতীয় শোক দিবসের কার্যক্রম শুরু করা হবে। এরপর জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের মাগফেরাত ও মাননীয় প্রধানমন্ত্রীর পরিবারের অন্যান্য সদস্যদের দীর্ঘায়ু কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।

০৪. আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখবেন সৈয়দ মোঃ নূরুল বাসির, পরিচালক (প্রশাসন ও অর্থ)। সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাদের পক্ষে বক্তব্য রাখবেন জনাব মোঃ সাফায়েত হোসেন তালুকদার, অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি ও মহাসচিব, বাংলাদেশ সমাজসেবা অফিসার্স এসোসিয়েশন, বাংলাদেশ সমাজসেবা কর্মচারী কল্যাণ সমিতির পক্ষে বক্তব্য রাখবেন সমিতির প্রশাসক মোস্তাফা মাহমুদ সরোয়ার।



সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক (প্রশাসন ও অর্থ)
সমাজসেবা অধিদপ্তর

ফোন: ০২ ৫৫০০৭০২২

ই-মেইল: director-admin@dss.gov.bd

বার্তা সম্পাদক/এসসাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

.....

.....